


মুজিববর্ষ-পল্লী বিদ্যুতের সেবা বর্ষ  
মুজিববর্ষেই নিশ্চিত হবে শতভাগ বিদ্যুতায়ন



ISO 9001, ISO 14001 &  
ISO 45001 Certified

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড  
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

জনসংযোগ পরিদপ্তর  
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড  
প্রশিক্ষণ একাডেমি ভবন (৩য় তলা)  
নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯  
ফোন নং-৮৯০০৩১৭।  
ই-মেইলঃ [prdreb@gmail.com](mailto:prdreb@gmail.com)

স্মারক নং-২৭.১২.০০০০.০২১.০২.১০২.২০. ৪৫৭

তারিখঃ ২৬ শ্রাবণ, ১৪২৭ বঙ্গাব্দ।  
১০ আগস্ট, ২০২০ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে  
জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি সংক্রান্ত।

০১। স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকী উপলক্ষে আগামী ১৫ আগস্ট ২০২০ খ্রিঃ তারিখে জাতীয় শোক দিবস পালিত হবে। এ উপলক্ষে গত ০৫-০৮-২০২০ খ্রিঃ তারিখে বিদ্যুৎ বিভাগে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী অত্রসাথ সংযুক্ত করা হলো (সংযুক্ত-০২ পাতা)। উক্ত কার্যসূচির সাথে সংগতি রেখে সংশ্লিষ্টদের নিম্নরূপ কর্মসূচি পালন করার জন্য অনুরোধ করা যাচ্ছেঃ

- (ক) আগামী ১৫ আগস্ট ২০২০ খ্রিঃ তারিখ জাতীয় শোক দিবসের দিনে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা;
- (খ) জাতীয় শোক দিবসে পালন উপলক্ষে সকল কর্মকর্তা/কর্মচারীদের কালো ব্যাজ ধারণ;
- (গ) জাতীয় শোক দিবসে পবিস-এ অবস্থিত মসজিদগুলোতে ১৪ই ২০২০ খ্রিঃ তারিখ শুক্রবার বাদ জুমায় বিশেষ মোনাজাত আয়োজন এবং প্রতিটি পবিসে কোরআন তেলাওয়াতের ব্যবস্থা নেয়া;
- (ঘ) জাতীয় শোক দিবসে বাপবিবো/পবিস-এর ওয়েবসাইট/ফেইসবুক পেইজে শোকাবহ মুভমেন্ট পোর্টাল স্থাপন;
- (ঙ) জাতীয় শোক দিবসে সকল ভবন/স্থাপনার প্রধান ফটকে শোক দিবসের ব্যানার প্রদর্শন;
- (চ) আগামী ১৫ আগস্ট জাতীয় শোক দিবসে বিকাল ০৩:০০ ঘটিকায় ZOOM App এর মাধ্যমে অনুষ্ঠিতব্য শোক সভা ও দোয়ায় অংশগ্রহণ করা; এ বিষয়ে ZOOM লিংক ও বিস্তারিত কর্মসূচি পরবর্তীতে জানানো হবে;
- (ছ) দেশব্যাপী জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি চলাকালীন নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা;
- (জ) জাতীয় শোক দিবসে সকল কর্মকর্তা/কর্মচারীগণ স্ব-স্ব কর্মস্থলে অবস্থান করবেন;
- (ঝ) জেলা/উপজেলা প্রশাসন কর্তৃক যে সকল কর্মসূচি আয়োজন করা হবে সেসকল কর্মসূচিতে স্বাস্থ্যবিধি মেনে সংশ্লিষ্টদের অংশগ্রহণ করা;
- (ঞ) জাতীয় শোক দিবস উপলক্ষে আঞ্চলিক দৈনিক পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ করা;

অঃ পৃঃ দ্রঃ

(ট) জাতীয় শোক দিবস ২০২০ পালন উপলক্ষ্যে স্ব-স্ব প্রাঙ্গনে বঙ্গবন্ধু কর্ণারে বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামাচা, সিক্রেট ডকুমেন্ট অব ইনটেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দি নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, আমার দেখা নয়া চীন ও বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক ২৬টি গ্রন্থসহ বঙ্গবন্ধুকে নিয়ে লিখিত বই সমূহ প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা।

সংযুক্তিঃ বর্ণনামতে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে।



(মোঃ আনোয়ার হোসেন)

পরিচালক (চঃ দাঃ)

মোবাইলঃ ০১৭১২-৫৮১৯৮৬

কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সকল দপ্তর/পরিদপ্তর/প্রকল্প অফিস/অফিস/বিভাগ প্রধান, বাপবিবো।
- ২। পরিচালক, সম্পত্তি ও লজিস্টিক পরিদপ্তর, বাপবিবো।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো।
- ৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস।

প্রযোজ্য ক্ষেত্রে কার্যব্যবস্থা  
গ্রহণের অনুরোধসহ।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি:

- ১। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির অনুরোধসহ)।
- ২। একান্ত সচিব, সদস্য (প্রশাসন/অর্থ/সমিতি ব্যবস্থাপনা/বিতরণ ও পরিচালন/পরিকল্পনা ও উন্নয়ন), বাপবিবো (সদস্য মহোদয়ের সদয় অবগতির অনুরোধসহ)।